# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www.bangladeshbank.org.bd

চৈত্র ২৮, ১৪১৬ বাং
তারিখ ঃ ----------------
এপ্রিল ১১, ২০১০ ইং

**এফ,ই সার্কুলার নং ০৫**

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

**<u>ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রদান প্রসংগে ।</u>**

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, সম্প্রতি সরকার দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করিবার লক্ষ্যে ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে । এই রপ্তানি ভর্তুকী সুবিধা নভেম্বর ২৫, ২০০৯ তারিখ হইতে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। সকল ক্ষেত্রে রপ্তানি পণ্যের মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পর নীট এফওবি মূল্যের উপর রপ্তানি ভর্তুকী হিসাবায়ন করিতে হইবে ।

রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখা হইতে এই রপ্তানি ভর্তুকী রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীন ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়িত অর্থের বিপরীতে WTO বিধি অনুযায়ী প্রদেয় হইবে। এই জন্য সরকারী মঞ্জুরী আদেশের বিপরীতে সরকারী হিসাব হইতে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেষ্ট আগাম আকারে বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় তহবিল প্রদান করিবে । ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের সনদপত্রের ভিত্তিতে রপ্তানি ভর্তুকীর আবেদনপত্রের বিপরীতে পরিশোধ নিষ্পত্তির কার্যক্রমে অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদসমূহে বর্ণনা করা হইল ঃ-

০২। **<u>ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকীর প্রাপক পক্ষ ও প্রাপ্যতার মাত্রা ঃ</u>**

ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে রপ্তানি ভর্তুকী প্রদান করা হইবে । স্থানীয়ভাবে সংগ্রহকৃত মূল উৎপাদন উপকরণ ব্যবহারের মাধ্যমে নিজস্ব কারখানায় উৎপাদিত ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে উৎপাদনকারী-রপ্তানিকারকগণ ভর্তুকীর আওতাভুক্ত হইবে ।

০৩। **<u>রপ্তানি ভর্তুকীর আবেদনপত্র দাখিলের শর্তাবলী</u> ঃ**

(ক) রপ্তানিকারকগণ রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনের পর পরই ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নির্ধারিত ফরম-ক তে রপ্তানি ভর্তুকীর জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবে, তবে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পরই কেবলমাত্র রপ্তানি ভর্তুকী পরিশোধ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানিকারকগণকে রপ্তানি ভর্তুকীর আবেদনপত্র রপ্তানিকারকের ব্যাংকের বিদেশস্থ নষ্ট্রো হিসাবে সংশ্লিষ্ট রপ্তানি বিলের রপ্তানিমূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করিতে হইবে ।

(খ) কেবলমাত্র ব্যাংকের মাধ্যমে স্থাপিত এলসি'র আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা এইরূপ রপ্তানি ঋণপত্রের বিপরীতে রপ্তানি পরবর্তী পর্যায়ে ব্যাংকের মাধ্যমে প্রেরিত ডকুমেন্টারী কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ই এই খাতে রপ্তানি ভর্তুকীর জন্য যোগ্য রপ্তানি আয় বিবেচিত হইবে ।

(গ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন ঃ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব এক্সপোর্ট ইত্যাদি দাখিল করিতে হইবে ।

(চলমান পাতা-০২)

০৪। **অনুমোদিত ডিলার কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি ঃ**

(ক) রপ্তানি ভর্তুকীর প্রাপক পক্ষের দাখিলকৃত আবেদনপত্রের সংগে ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলি সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনপত্রের সহিত সংযোজিত থাকিবার বিষয়টি প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হইয়া লইতে হইবে । ভর্তুকীর আবেদনপত্রের সাথে রপ্তানী উন্নয়ন ব্যূরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন হইতে সংযোজিত ছক (ফরম-ঘ) মোতাবেক সনদপত্র দাখিল করিতে হইবে । রপ্তানি উন্নয়ন ব্যূরোর পাশাপাশি সনদপত্র ইস্যুকারী অনুমোদিত এসোসিয়েশনের নাম পরবর্তীতে জানানো হইবে । সনদপত্র/প্রত্যয়নপত্র সমূহের মধ্যে যেগুলি ব্যাংক শাখা কর্তৃক প্রণীত হয় বা ডকুমেন্টস নেগোসিয়েশন উপলক্ষ্যে ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেইগুলির যথার্থতা ও সেইগুলিতে উল্লিখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা দায়ী থাকিবে । প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটি/অসম্পূর্ণতাসমূহের বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করিবে ।

(খ) প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হইতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি প্রাপ্তি এবং রপ্তানি ও রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হইতে/প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হইতে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকারপ্রাপ্ত হইবার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করিবে । সংশ্লিষ্ট আবেদনপত্র ফরম এর অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাসমূহ পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করিয়া এই প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে ।

(গ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের হিসাব বিকলন করিয়া শাখা আবেদনপত্রের বিপরীতে রপ্তানি ভর্তুকী পরিশোধ করিবে । প্রতিমাসে শাখার সম্পাদিত সকল পরিশোধের বিষয়ে বিবরণী ফরম-খ তে প্রদত্ত ছক অনুসারে পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে দুই প্রস্থে প্রেরিত হইবে; ব্যাংকের প্রধান কার্যালয় সকল শাখার মাসিক পরিশোধ বিবরণীসমূহের একীভূত তথ্য বিবরণীর একটি করিয়া কপি ফরওয়ার্ডিং পত্রসহ পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন ও ভিজিলেন্স বিভাগ বরাবর নিয়মিতভাবে প্রেরণ করিবে ।

(ঘ) প্রতিক্ষেত্রে রপ্তানি ভর্তুকী পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রপ্তানির মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি), বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব এক্সপোর্ট এর উপরে সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে রপ্তানি ভর্তূকী পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করিতে হইবে, যাহাতে ঐ সকল দলিলাদি অন্যবিধ অপব্যবহারের সুযোগ না থাকে । একই রপ্তানির বিপরীতে একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলারগণকে (এফই সার্কুলার নং-০৬/৯৮ এর নির্দেশনা মোতাবেক) বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে । এই জন্য শাখায় রক্ষিত রপ্তানি রেজিষ্ট্রারে সংশ্লিষ্ট রপ্তানির অন্যান্য তথ্যের সহিত প্রতি ক্ষেত্রে পিআরসি ইস্যুর তথ্য তারিখসহ সুবিধাজনকভাবে লিপিবদ্ধ রাখা যাইতে পারে ।

(ঙ) রপ্তানি ভর্তুকীর সঠিকতার বিষয়ে প্রতিটি কেইস বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করাইয়া লইতে হইবে। তবে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পূর্বে ভর্তূকী পরিশোধের বিষয়ে সেপ্টেম্বর ০৮, ২০০৯ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ১৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে ।

(চ) রপ্তানি ভর্তুকী পরিশোধ নিষ্পত্তির সকল কেস সংশ্লিষ্ট কাগজপত্রসহ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের নিরীক্ষা দলের পরীক্ষণের জন্য পরিশোধ তারিখ হইতে অন্যূন তিন বৎসর মেয়াদ পর্যন্ত শাখায় সংরক্ষণ করিতে হইবে ।

(ছ) রপ্তানিমূল্যের বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টি সি বি বিল্ডিং, ০১ কাওরান বাজার, ঢাকা (রপ্তানিমূল্য সম্পর্কিত তথ্য) হইতে পরামর্শ গ্রহণ করিবে ।

(চলমান পাতা-০৩)

০৫। **রপ্তানি ভর্তুকী অনিয়মিতভাবে পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ**

(ক) রপ্তানি ভর্তুকী নিয়ম বহির্ভূতভাবে পরিশোধ করা হইলে নিয়ম বহির্ভূতভাবে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সহিত রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করিয়া লওয়া যাইবে ।

(খ) এই অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে ।

০৬। **রপ্তানি ভর্তুকী পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংক হইতে ইমপ্রেষ্ট তহবিল সংগ্রহ ও পুনঃযোগান প্রাপ্তির প্রক্রিয়া ঃ**

অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক গৃহীত এবং বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে রিপোর্টকৃত রপ্তানি ভর্তুকীর দাবীর পরিমানের বিপরীতে সরকার কর্তৃক প্রথম কিস্তিতে ছাড়কৃত অর্থের পরিমানের উপর ভিত্তি করিয়া বাংলাদেশ ব্যাংক দাবীর আনুপাতিক হারে প্রথম বার ইমপ্রেষ্ট তহবিল ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রদান করিবে । পরবর্তীতে, বিভিন্ন ব্যাংকের মাধ্যমে রপ্তানি ভর্তূকী পরিশোধ নিষ্পত্তির গড় মাসিক অংকের ভিত্তিতে দুই মাসের অনুমিত প্রয়োজনের পরিমান তহবিল বাংলাদেশ সরকারের পক্ষ হইতে অর্থ ছাড়করণ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেষ্ট আগাম আকারে ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রাথমিকভাবে হস্তান্তর করিবে । ইমপ্রেষ্ট তহবিল ব্যবহারের বিষয়ে ব্যাংকসমূহ ফরম-গ তে প্রদত্ত ছকে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপকের বরাবরে মাসিক বিবরণী পরবর্তী মাসের দুই সপ্তাহের মধ্যে দাখিল করিবে । এই বিবরণী অনুসারে ইমপ্রেষ্ট আগামের মাসান্তের সমাপনী স্থিতি যদি পরবর্তী মাসের জন্য অনুমিত প্রয়োজনীয় অংক অপেক্ষা কম হয় (পূর্ববর্তী তিন মাসের গড় মাসিক পরিশোধের অংককে পরবর্তী মাসের জন্য সম্ভাব্য প্রয়োজন বলিয়া বিবেচিত হইবে) তবে ইমপ্রেষ্ট আগাম প্রয়োজনীয় মাত্রায় উন্নীত করিবার জন্য পুনঃযোগানের অনুরোধ সম্বলিত আবেদনও মাসিক বিবরণীর সংগে একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে দাখিল করিতে হইবে । ইমপ্রেষ্ট আগামের ব্যাংকওয়ারী স্থিতি পর্যালোচনায় ব্যবহারের গতির প্রেক্ষিতে একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট ব্যাংককে প্রদত্ত ইমপ্রেষ্ট আগাম হইতে একমাসের সম্ভাব্য চাহিদার অতিরিক্ত অংক ফেরত চাহিতে পারে ।

০৭। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫

**ফরম-'ক'**

(অনুচ্ছেদ ০৩(ক) এফই সার্কুলার নং- ০৫/২০১০ দ্রষ্টব্য)

**ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকীর জন্য আবেদনপত্র ।**

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ........................................................................................................

..............................................................................................................................................................

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ..............................................................................................................................

(খ) রপ্তানি ঋণপত্রের নম্বর, তারিখ ও মূল্য .........................................................................................................

..............................................................................................................................................................

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহসূত্র ঃ

(১) দেশীয় উপকরণাদিঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমান | মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, পরিমান, মূল্য এবং সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানী উন্নয়ন ব্যুরো / সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে।)

(২) আমদানিকৃত আনুসংগিক উপকরণাদিঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমান | আমদানি ঋণপত্রের নম্বর, তারিখ | মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামে উল্লিখিত ঋণপত্রগুলির পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে ।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমান | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে ।)

(ঙ) রপ্তানি ভর্তুকীর আবেদনকৃত অংক ঃ

(মার্কিন ডলারে)

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমান | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনসুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানি মূল্য (১)-(২+৩) | প্রাপ্য রপ্তানি ভর্তুকী (৪) × ৫/১০০ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

এই মর্মে অঙ্গীকার করা যাইতেছে যে, আমাদের নিজস্ব কারখানায় স্থানীয়ভাবে সংগ্রহকৃত মূল উৎপাদন উপকরণ ব্যবহারের মাধ্যমে উৎপাদিত ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে ভর্তুকীর জন্য আবেদন করা হইল । এই আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা সম্পূর্ণ সঠিক । যদি পরবর্তীতে ইহাতে কোন ভুল/অসত্য/প্রতারণা/জালিয়াতি প্রমানিত হয় তবে গৃহীত রপ্তানি ভর্তুকীর সমুদয় অর্থ বা উহার অংশবিশেষ আমার/আমাদের নিকট হইতে আমার/আমাদের ব্যাংক হিসাব হইতে আদায় করিয়া লওয়া যাইবে ।

তারিখ ঃ ..................................

..................................................

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী ।

(চ) রপ্তানি ভর্তুকী প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনসুরেন্স ও প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়া বাবদ মোট বিয়োজন | নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) (১)-(২) | পরিশোধ্য রপ্তানি ভর্তুকীর পরিমান (টাকায়) ঃ (৩)× ৫/১০০ × রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |

পরিশোধিত রপ্তানি ভর্তুকীর পরিমান (টাকায়) ঃ

পরিশোধের তারিখ ঃ

..............................................................

রপ্তানি ভর্তুকী অনুমোদনের

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী ।

(অনুচ্ছেদ ০৪(গ) এফই সার্কুলার নং- ০৫/২০১০ দ্রষ্টব্য) ফরম – 'খ'

এফ,ই সার্কুলার নং ০৫/২০১০ মোতাবেক রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী পরিশোধের /২০.. মাসের বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম ঃ............................................

| রপ্তানি ভর্তুকীর আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট রপ্তানির তথ্যাদি | | | | | পরিশোধিত রপ্তানি ভর্তুকীর অংক (টাকায়) | পরিশোধের তারিখ | পূর্ববর্তী কোনও অতিরিক্ত পরিশোধ থাকিলে উহা ফেরত আদায়ের অংক (টাকায়) | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদনের | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বর্ণনা | জাহাজীকরণ তারিখ ও গন্তব্য বন্দর | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) | প্রত্যাবাসিত নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রায়) | | | | সংখ্যা | দাবীকৃত অংক (টাকায়) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |

দাপ্তরিক সীল মোহর ।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম, ও পদবী

(অনুচ্ছেদ ০৬ এফ, ই সার্কুলার নং- ০৫/২০১০ দ্রষ্টব্য)

**ফরম-'গ'**

এফ,ই সার্কুলার নং ০৫/২০১০ মোতাবেক

**ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী বাবদ ইমপ্রেষ্ট হিসাবের ...... সনের ........... মাসের বিবরণী ।**

......................................................................... ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

| ইমপ্রেষ্ট হিসাবের প্রারম্ভিক স্থিতি (টাকায়) | প্রতিবেদনাধীন মাসে বাংলাদেশ ব্যাংক হইতে পুনঃযোগান প্রাপ্তি | | শাখাসমূহ কর্তৃক পূর্ববর্তী পরিশোধ সমূহের বিপরীতে এক্সপোর্ট ক্লেইম বা অন্যবিধ কারণে পরবর্তী সমন্বয় বাবত ফেরত আদায়ের অংক (যদি থাকে) (টাকায়) | প্রতিবেদনাধীন মাসে অনুমোদিত ডিলার শাখাসমূহ কর্তৃক পরিশোধ | | মাসান্তের সমাপনী স্থিতি (টাকায়) [(১+৩+৪)-৬] | শাখাসমূহে প্রাপ্ত আবেদনের | | পরবর্তী মাসের পরিশোধের জন্য ইমপ্রেষ্ট হিসাবের প্রয়োজনীয় পুনঃযোগানের পরিমান (টাকায়)(৯-৭)* |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | তারিখ | পরিমান (টাকায়) | | আবেদনের সংখ্যা | মোট পরিশোধ (টাকায়) | | সংখ্যা | দাবীকৃত অংক (টাকায়) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |

(* ৭নং কলামে উল্লিখিত সমাপনী স্থিতি ৯নং কলামে উল্লিখিত পরিমান হইতে কম হওয়ার ক্ষেত্রে ১০ নং কলামে উল্লিখিত অংকের পুনঃযোগান চাহিয়া বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে পত্র দিতে হইবে) ।

দাপ্তরিক সীল মোহর ।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী

সার্কুলার নং ০৫/২০১০ এর ০৪(ক) অনুচ্ছেদ দ্রষ্টব্য **ফরম 'ঘ'**

# রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন কর্তৃক প্রদেয় সনদপত্র

## ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী প্রাপ্তির সনদ পত্র ।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : | | | |
| | ঠিকানা : | | | |
| ২। | রপ্তানি ঋণপত্রের নম্বর ঃ | তারিখ ঃ | | মূল্যমান ঃ |
| ৩। | বিদেশী ক্রেতার নাম ঃ<br>ঠিকানা ঃ | | | |
| ৪। | বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ<br>ঠিকানা ঃ | | | |
| ৫। | ক) ইনভয়েস নম্বর ঃ | তারিখ ঃ | | |
| | খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ | মূল্য ঃ | | |
| ৬। | ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ | | পরিমান ঃ | মূল্য ঃ |
| | খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ | | | |
| ৭। | ক) রপ্তানি পণ্যের বিবরন ঃ | | | |
| | খ) প্রকৃত রপ্তানিকৃত পণ্যের পরিমান ঃ | মূল্য ঃ | | |
| ৮। | জাহাজীকরনের তারিখ ঃ | গন্তব্য বন্দর ঃ | | |
| ৯। | ইএক্সপি নম্বর ঃ | তারিখ ঃ | | মূল্য ঃ |
| ১০। | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ | | | |
| ১১। | প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ | তারিখ ঃ | | |
| ১২। | নীট এফওবি মূল্য ঃ | | | |

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, স্থানীয়ভাবে সংগ্রহকৃত মূল উৎপাদন উপকরণ ব্যবহারের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত ক্রাষ্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকীর জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহের বক্তব্য সঠিক ও নির্ভুল । বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষনাগুলির যথার্থতা যাচাইয়ে সঠিক পাওয়া গিয়াছে; ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়াছে । প্রত্যাবাসিত মূল্যের অনুকুলে উপরোক্ত রপ্তানিকারককে রপ্তানি ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল ।

রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন এর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।